

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৯৩৩

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১৪. দ্বিতীয় অনুচ্ছেদ - অনুগ্রহ ও স্বজনে সদাচার

আরবী

وَعَنْ عَبْدِ

اللَّهِ بْنِ عَمْرٍو قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَدْخُلُ الْجَنَّةَ مَنَّانٌ وَلَا عَاقٌ وَلَا مَدْمِنُ خمر» . رَوَاهُ النَّسَائِيّ والدارمي

বাংলা

৪৯৩৩-[২৩] 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ উপকার করে খোঁটাদাতা, পিতা-মাতার অবাধ্য ও সর্বদা মদ পানকারী জান্নাতে প্রবেশ করবে না। (নাসায়ী ও দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ: নাসায়ী ৫৬৭২, সিলসিলাতুস্ সহীহাহ্ ৬৭০, সহীহুল জামি' ৭৬৭৬ মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ২৬৫৯২, আহমাদ ৬৫৩৭, দারিমী ২০৯৩, সহীহ ইবনু হিব্বান ৩৩৮৩, শু'আবুল ঈমান ৫৫৯৩, সুনানুন্ নাসায়ী আল কুবরা ৪৯১৪, আল মু'জামুল কাবীর লিত্ব ত্বারানী ১০২৭।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'আবদুল্লাহ ইবনু 'আমর (রাঃ)-এর বর্ণিত এ হাদীসটিতে রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তিনটি জঘন্য কাজ থেকে নিষেধ করেছেন। ১। দান করে খোঁটা দেয়া। ২। পিতা-মাতার অবাধ্য হওয়া। ৩। মদ পান করা।

দান করে খোটা দেয়া প্রসঙ্গে কুরআনে মাজীদে আল্লাহ তা আলা বলেছেনঃ لَا تُبْطِلُوا صَدَقَاتِكُمْ بِالْمَنِ وَالْأَذَى "হে ঈমানদারগণ! তোমরা তোমাদের দানকে খোঁটা ও কষ্টদানের মাধ্যমে বিনষ্ট করো না"- (সূরাহ্ আল বাকারাহ্ ২ : ২৬৪)। দান করে খোঁটা দেয়া আরবী শব্দ হলো مِن এ শব্দের বিশেল্লষ্বণ করতে গিয়ে ব্যাখ্যাকারীগণ বলেন, শব্দ



অনুপাতে হাদীসের অর্থ এ রকম হওয়ারও সম্ভাবনা আছে, তা হলো তোমরা নিরবচ্ছিন্নভাবে দান করে যাও, দান করা কখনো বন্ধ করো না।

অত্র হাদীসে মদ পান হারাম করা হয়েছে। কম হোক বেশী হোক, কিছু সময়ের জন্য হোক আর স্থায়ীভাবে পান করা হোক, সবই হারাম। যারা বলেন, মদ হারাম শুধু স্থায়ীভাবে পান করা হলে, কিছু সময়ের জন্য পান করলে তা হারাম হবে না বরং জায়িয়, তাদের এ কথা ভুল।

'আল্লামা তূরিবিশতী (রহিমাহুল্লাহ) বলেনঃ ''যারা এ ধরনের পাপের সাথে জড়িত থাকবে তারা জান্নাতে যাবে নাএর অর্থ হলো প্রথম সারীর সফলকামদের সাথে জান্নাতে যাবে না অথবা জান্নাতে যাবে না যতক্ষণ পর্যন্ত এ জঘন্য পাপের শাস্তি ভোগ না করবে। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন